

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
বার্ষিক কর্মসম্পাদন, সেবা উন্নয়ন ও উন্নাবন শাখা



এ.পি.এ. টিমের ৮ম সভার কার্যবিবরণী

সভাপতি	মোঃ হাসানুল ইসলাম, এনডিসি
	অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ) ও এ.পি.এ. টিম প্রধান
সভার তারিখ	২৮ ফেব্রুয়ারি ২০২১
সভার সময়	বিকাল ৩.০০ মিনিট
স্থান	শিক্ষা মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ
উপস্থিতি	পরিশিষ্ট 'ক'

২. সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। এরপর তিনি এ.পি.এ. টিমের সদস্য সচিব ও শাখার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাকে সভার আলোচ্যসূচি অনুযায়ী আলোচনা শুরু করতে বলেন। সদস্য সচিব প্রথমে ৩১ জানুয়ারি ২০২১ খ্রিস্টাব্দ তারিখে অনুষ্ঠিত এ.পি.এ. টিমের ৭ম সভার কার্যবিবরণী পাঠ করেন এবং তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। তিনি বলেন যে, ২০২০-২০২১ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যে এ.পি.এ. টিমের ১২ টি সভা আয়োজনের লক্ষ্যমাত্রা রয়েছে। আজকের সভাসহ মোট ০৮টি সভার আয়োজন করা হয়েছে। মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ জানুয়ারি' ২০২১ মাস পর্যন্ত এ.পি.এ.'র কোন কার্যক্রমে পিছিয়ে নেই। তিনি আরো বলেন যে, ১৫ ফেব্রুয়ারি ২০২১ তারিখের মধ্যে একটি নতুন ডিজিটাল সেবা চালুর কার্যক্রম ছিল। এ লক্ষ্যে "বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের এমপিওভুক্ত শিক্ষক-কর্মচারীদের বেতনভাত্তাদি EFT এর মাধ্যমে প্রদান" নামক নতুন ডিজিটাল সেবা চালু করা হয়েছে। এ সেবার ফলে বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের এমপিওভুক্ত শিক্ষক-কর্মচারীগণের বেতনভাত্তাদি মাসের প্রথমেই তাদের নির্দিষ্ট ব্যাংক একাউন্টে পৌছে যাবে। এছাড়া মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, কুমিল্লা কর্তৃক গৃহিত "শিক্ষা প্রতিষ্ঠানের গভর্নিং বডির অনুমোদন সহজিকরণ" সেবাটি বেশিরভাগ শিক্ষাবোর্ডে ২৫ ফেব্রুয়ারি ২০২১ তারিখের মধ্যে বাস্তবায়ন করা হয়েছে। পরবর্তীতে ফেব্রুয়ারি' ২০২১ মাসের Activities Execution Calender অনুযায়ী এ.পি.এ. কার্যক্রম বাস্তবায়ন বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয় এবং আলোচনা শেষে নিম্নেবর্ণিত সিদ্ধান্ত গৃহিত হয়:

৩. সিদ্ধান্তসমূহ:

- ৩.১ "শিক্ষা প্রতিষ্ঠানের গভর্নিং বডির অনুমোদন সহজিকরণ" সেবাটি সকল শিক্ষা বোর্ডে বাস্তবায়নের বিষয়টি নিশ্চিত করতে হবে;
- ৩.২ এ.পি.এ.'র সকল কার্যক্রম যথাসময়ে সম্পন্ন করার বিষয়ে সকলকে সচেষ্ট থাকতে হবে।

৪. সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

৩

মোঃ হাসানুল ইসলাম, এনডিসি
অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ) ও এ.পি.এ.
টিম প্রধান

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৭৫.০১.০০৮.২০.৮৮

তারিখ: ১৯ ফাল্গুন ১৪২৭
০৮ মার্চ ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নথি):

- ১) অতিরিক্ত সচিব, উন্নয়ন অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
- ২) উপসচিব, প্রশাসন অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
- ৩) উপসচিব, পরিকল্পনা-২ শাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
- ৪) সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
- ৫) উপসচিব, এস.ডি.জি. শাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
- ৬) সিনিয়র সহকারী সচিব, বাজেট শাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
- ৭) সিনিয়র সহকারী সচিব, কর্মসম্পাদন ব্যবস্থাপনা (মূল্যায়ন) শাখা, মন্ত্রিপরিষদ বিভাগ।
- ৮) প্রোগ্রামার, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
- ৯) ব্যক্তিগত কর্মকর্তা, প্রশাসন ও অর্থ অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।

মোঃ ফজলুর রহমান
সিনিয়র সহকারী সচিব (অতিরিক্ত দায়িত্ব)